



মানসন্মত শিক্ষা নিশ্চিত সঠিক পরিকল্পনা প্রয়োজন

■ আমাদের বার্তা প্রতিবেদক

বাংলাদেশ শিক্ষা তথা ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) সদ্য নিয়োগপ্রাপ্ত মহাপরিচালক মজিবুর রহমান খানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। গতকাল সোমবার তিনি এ শ্রদ্ধা জানান।

এ সময় ব্যানবেইসের মহাপরিচালক বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনায় যে প্রতিষ্ঠান তৈরি

করা হয়েছিলো সেই প্রতিষ্ঠানের ভিজি হিসেবে পদায়ন দেয়ায় প্রধানমন্ত্রীর শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। তিনি বলেন, বঙ্গবন্ধু যে উদ্দেশ্য নিয়ে এ প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন সেই উদ্দেশ্য বাস্তবায়ন করে শিক্ষার গুণগতমান বৃদ্ধিতে ব্যানবেইসের বিদ্যমান কার্যক্রমকে কীভাবে আরো গতিশীল ও কার্যকর করা যায় সেই বিষয়গুলোকে নিয়ে কাজ করার প্রত্যয় ব্যক্ত করছি।

মজিবুর রহমান আরো বলেন,

প্রধানমন্ত্রীর কর্তৃক ঘোষিত উন্নত বাংলাদেশ বিনির্মাণ কর্মসূচি বাস্তবায়ন করতে হলে মানসন্মত শিক্ষা নিশ্চিত করতে হবে আর মান সন্মত শিক্ষা নিশ্চিত করতে হলে শিক্ষাক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রয়োজন। সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য সঠিক তথ্য প্রয়োজন। সঠিক শিক্ষা তথ্য সংগ্রহ করে শিক্ষা খাতে যথাযথ ও কার্যকর পরিকল্পনা প্রণয়নে সহযোগিতা করাই ব্যানবেইসের অন্যতম দায়িত্ব, যোগ করেন তিনি।